দৈনিক ইনকিলাব

03 APR 2008

# বেসরকারী স্কুলের প্রধান শিক্ষক নিয়োগবিধি শিথিল

স্টাফ রিপোর্টার

জনবল কাঠামো নীতিমালা অনুসরণ না করা এমপিওভুক্ত বেসরকারী মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষকের শূন্য পদে নিয়োগের ক্ষেত্রে বিধিনিষেধ শিথিল হয়েছে। গতকাল (বুধবার) শিক্ষা মন্ত্রণালয় এ বিষয়ে পরিপত্র জারি করে।

এতে বলা হয়, সরকার নির্ধারিত জনবল কাঠামোর অতিরিক্ত শিক্ষক এমপিওভুক্ত থাকার কারণে যেসব মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক পদে নিয়োগ দেয়া যাচ্ছে না, সেগুলোতে প্রধান শিক্ষক নিয়োগ দেয়া যাবে। নিয়োগপ্রাপ্ত এই শিক্ষকরা বেতন-ভাতার পৃঃ ১২ঃকঃ২

## প্রধান শিক্ষক নিয়োগবিধি শিথিল

*প্রথম পৃষ্ঠার পর*

সরকারী অংশ পাবেন। একই অনিয়মের কারণে যেসব প্রধান শিক্ষক যোগ্যতা ও অভিজ্ঞতা থাকার পরও বেতন-ভাতার সরকারী অংশ পাচ্ছিলেন না তারা এখন থেকে পাবেন বলে জানানো হয় পরিপত্রে।

তবে নিয়োগ পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করা না হলে বা প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা না থাকলে প্রধান শিক্ষকরা বেতন-ভাতার সরকারী অংশ পাবেন না। এ সিদ্ধান্ত না মানলে বিদ্যালয় পরিচালনা কমিটি বাতিলের পাশাপাশি অবৈধভাবে নিয়োগ পাওয়া শিক্ষকের এমপিওভুক্তির সঙ্গে জড়িতদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেয়ার কথা জানানো হয় পরিপত্রে।